

যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৭১৬

১/ বিবিধ

আরবী

ابن أختكم منكم وحليفك منكم ومولاكم منكم، إن قريشاً أهل صدق وأمانة، فمن بغى لها العواثر، أكبَه الله في النار لوجهه
ضعيف

أخرجه البخاري في "الأدب المفرد" (75) والسرىي بن يحيى في: "Hadith al-Thawri" (200 / 2) وابن أبي عاصم في "السنة" (147 / 2) والحاكم (73 / 4) وأحمد (4 / 340) والشافعى الشطر الثاني منه (1845 - ترتيبه) من طريق إسماعيل بن عبيد بن رفاعة عن أبيه عن جده قال: "جمع رسول الله صلى الله عليه وسلم قريشاً فقال: هل فيكم من غيركم؟ قالوا: لا، إلا ابن أختنا وحليفنا ومولانا، فقال:...." فذكره. وقال الحاكم: "صحيح الإسناد"! ووافقه الذهبي! وهو القائل في إسماعيل هذا: "ما علمت روى عنه سوى عبد الله بن عثمان بن خثيم". ولهذا قال الحافظ "مقبول". يعني عند المتابعة، وإنما في الحديث. قلت: وقد وجدت للشطر الثاني منه شاهداً من حديث جابر مرفوعاً به، إلا أنه قال: "إلا كبه الله عز وجل لمنخريه". أخرجه ابن عساكر في "التاريخ" (3 / 320 - 1 / 2) من طريق المسور بن عبد الملك بن عبيد بن سعيد بن يربوع المخزومي عن زيد بن عبد الرحمن بن عمرو بن نفیل - من بني عدي - عن أبيه قال: "جئت جابر بن عبد الله الأنصاري في فتیان من قريش، فدخلنا عليه بعد أن كف بصره، فوجدنا حبلًا معلقاً في السقف، وأقراساً مطروحة بين يديه أو خبزاً، فكلما استطع مسكين قام جابر إلى قرص منها، وأخذ الحبل حتى يأتي المسكين

فيعطيه، ثم يرجع بالحبل حتى يقعد، وقلت له: عافاك الله! نحن إذا جاء المسكين أعطيه، فقال: إني أحتبس المشي في هذا، ثم قال: ألا أخبركم شيئاً سمعته من رسول الله صلى الله عليه وسلم؟ قالوا: بل، قال: سمعته يقول: فذكره قلت: وهذا سند ضعيف، من دون جابر لم أعرفهم، غير المسور بن عبد الملك ترجمة ابن أبيه حاتم (4 / 1 / 298) من روایة جمع من الثقات ولم يذكر فيه جرحا ولا تعديلا. وفي "المیزان" عن الأزدي: "ليس بالقوى
قلت: فهذا القدر من الحديث حسن بمجموع الطريقين، ولذلك أوردته في "الصحيحه
"(1688) كما أخرجت في (776) الجملة الأولى منه، والجملة الثالثة (1613). والله
أعلم

বাংলা

১৭১৬। তোমাদের বোনের ছেলে তোমাদেরই অন্তর্ভুক্ত। তোমাদের সন্ধিভুক্ত ব্যক্তি তোমাদেরই অন্তর্ভুক্ত।
তোমাদের দাস তোমাদেরই অন্তর্ভুক্ত। কুরাইশেরা হচ্ছে সত্যবাদী এবং আমানতদার। অতএব যে তাদের জন্য
বিপদের ফাঁদ অনুসন্ধান করবে আল্লাহ্ তায়ালা তাকে তার মুখের ভরে আগুনে নিষ্কেপ করবেন।
হাদীসটি দুর্বল।

হাদীসটিকে ইমাম বুখারী “আলআদাবুল মুফরাদ” গ্রন্থে (৭৫), সারিউ ইবনু ইয়াহইয়া “হাদীসুস সাওরী” গ্রন্থে (২/২০০), ইবনু আবী আসেম “আস সুন্নাহ” গ্রন্থে (২/১৪৭), হাকিম (৪/৭৩), আহমাদ (৪/৩৪০), শাফেঈ দ্বিতীয়
অংশ তার থেকে (১৮৪৫) ইসমাঈল ইবনু ওবায়েদ ইবনু রিফায়াহ হতে, তিনি তার পিতা হতে, তিনি তার দাদা
হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কুরাইশদেরকে একত্রিত করে বললেনঃ
তোমাদের মধ্যে তোমরা ছাড়া অন্য কেউ আছে কি? তারা বললঃ না। তবে আমাদের বোনের ছেলে, আমাদের
সাথে সন্ধিচুক্তিতে আবদ্ধদের ছেলে এবং আমাদের দাসরা রয়েছে। অতঃপর তিনি বললেনঃ ...।

হাকিম বলেনঃ সনদটি সহীহ এবং হাফিয যাহাবী তার সাথে ঐকমত্য পোষণ করেছেন। অথচ তিনি (যাহাবী)
বর্ণনাকারী এ ইসমাঈল সম্পর্কে বলেনঃ আবুল্লাহ ইবনু উসমান ইবনু খাইসাম ছাড়া তার থেকে কেউ বর্ণনা
করেছেন বলে আমি জানি না।

এ কারণেই হাফিয ইবনু হাজার বলেনঃ তিনি গ্রহণযোগ্য। অর্থাৎ মুতাবা'য়াতের সময়। অন্যথায় তিনি হাদীসের
ক্ষেত্রে দুর্বল।

আমি (আলবানী) বলছিঃ আমি এর দ্বিতীয় অংশের জাবের (রাঃ)-এর হাদীস হতে মারফু হিসেবে শাহেদ পেয়েছি। তবে নিম্নের ভাষায়, তিনি বলেনঃ

إِلَّا كَبِهَ اللَّهُ عَزَّ وَجْلَ لِمَنْخَرِيهِ

তাকে আল্লাহ্ তা'আলা তার নাকের দু'ছিদ্রের উপর ভর দিয়ে নিষ্কেপ করবেন।

এটিকে ইবনু আসাকির “আততারীখ” গ্রন্থে (৩/৩২০/১-২) মিসওয়ার ইবনু আব্দুল মালেক ইবনু ওবায়েদ ইবনু সাঈদ ইবনু ইয়ারবু মাখযুমী হতে, তিনি যায়েদ ইবনু আব্দুর রহমান ইবনু আমর ইবনু নুফায়েল হতে, তিনি তার পিতা হতে বর্ণনা করেছেন। তিনি বলেনঃ আমি জাবের ইবনু আব্দুল্লাহ্ আনসারী (রাঃ)-এর নিকট আসলাম কতিপয় কুরাইশী যুবকের মাঝে। আমি তার নিকট প্রবেশ করলাম তার চোখ চলে যাওয়ার পর।

এরপর ছাদের সাথে ঝুলানো একটি রশি আর তার সামনে ফেলে রাখা কতিপয় রুটির টুকরা অথবা রুটি পেলাম। যখনই কোন মিসকীন খাদ্য চাচ্ছিল তখনই জাবের (রাঃ) সেগুলোর একটি টুকরার নিকট দাঁড়িয়ে রশি ধরে মিসকীনের নিকট আসছেন এবং তাকে দিচ্ছেন। অতঃপর তিনি রশির মাধ্যমে ফিরে গিয়ে বসে পড়েছেন। আমি বললামঃ আল্লাহ্ আপনাকে সুস্থ করুন। যখন মিসকীন আসে আমরা তখন তাদেরকে দিয়ে থাকি। তখন তিনি বললেনঃ আমি এভাবে হেঁটে যাওয়াকে নেকীর কাজ মনে করছি। অতঃপর তিনি বলেনঃ আমি কি তোমাদেরকে এমন কিছু সম্পর্কে সংবাদ দেব না যা আমি রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে শ্রবণ করেছি? তারা বললেনঃ হ্যাঁ। তিনি বললেনঃ আমি তাকে বলতে শুনেছিঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি দুর্বল। মিসওয়ার ইবনু আব্দুল মালেক ছাড়া জাবের (রাঃ)-এর নিচের বর্ণনাকারীদেরকে আমি চিনি না। ইবনু আবী হাতিম (৪/১/২৯৮) তার জীবনী আলোচনা করে তার সম্পর্কে ভাল-মন্দ কোন কিছুই বলেননি। আর "আলমিয়ান" গ্রন্থে আয়দী হতে বর্ণিত হয়েছে তিনি বলেনঃ তিনি শক্তিশালী নন।

দু'টি সূত্রকে একত্রিত করার দ্বারা হাদীসের এ পরিমাণ (অংশ) হাসান পর্যায়ভুক্ত। আর এ কারণেই এ অংশকে [কুরাইশরা হচ্ছে সত্যবাদী এবং আমানতদার। অতএব যে তাদের জন্য বিপদের ফাদ অনুসন্ধান করবে আল্লাহ্ তা'য়ালা তাকে তার মুখের ভরে আগুনে নিষ্কেপ করবেন।] “সিলসিলাহ্ সহীহাহ” গ্রন্থে (১৬৮৮) উল্লেখ করেছি যেমনটি প্রথম বাক্য [তোমাদের বোনের ছেলে তোমাদেরই অন্তর্ভুক্ত] (৭৭৬) এবং তৃতীয় বাক্যকেও [তোমাদের দাস তোমাদেরই অন্তর্ভুক্ত] (১৬১৩) এ সহীহ গ্রন্থেই উল্লেখ করেছি।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72599>

₹ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন